গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৫.১০.২১০ তারিখ: ০৭/১০/১৪২৯ বঙ্গাব্দ। ২৩/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

## অফিস আদেশ

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সদর দপ্তর স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৫.১০.১৮৭, তারিখঃ ২২/০১/২০২৩ খ্রিঃ মূলে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর **"ডিজি'স এক্সামপ্লারি গুড সার্ভিসেস ব্যাজ নীতিমালা-২০২৩"** যা সংক্ষেপে **"ডিজি'স ব্যাজ নীতিমালা-২০২৩"** প্রণয়ন করা হয়েছে।

২। উক্ত নীতিমালাটি বাহিনীর সকল ইউনিটে প্রেরণের নিমিত্তে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারি করা হলো।

সংযুক্ত: **"ডিজি'স ব্যাজ নীতিমালা-২০২৩" - ০৬ (ছয়) পাতা।**

মুহাম্মদ মেহেদী হাসান বিএএম, পিএএমএস
বিএভি- ১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
দুরালাপনীঃ ৪৭২১৪৯২৫

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৫.১০.২১০ তারিখ: ০৭/১০/১৪২৯ বঙ্গাব্দ। ২৩/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

**অনুলিপি:**

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৩। | কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৫। | ডেপুটি কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৬। | উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ...............রেঞ্জ................। | " |
| ৭। | পরিচালক (সকল)....................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও<br>আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৮। | পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)<br>.........আনসার ব্যাটালিয়ন......................................................... | " |
| ৯। | পরিচালক, মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম। | " |
| ১১। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১২। | নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৩। | উপপরিচালক (সকল)...........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও<br>আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল).......................................................। | " |
| ১৫। | জোন অধিনায়ক, মহানগর আনসার ঢাকা ও চট্টগ্রাম (সকল)....................। | " |
| ১৬। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা ও গাজীপুর। | " |
| ১৭। | সহকারী পরিচালক (সকল).................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও<br>আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ১৮। | গণসংযোগ কর্মকর্তা/মেডিকেল অফিসার/বাজেট কর্মকর্তা<br>(আনসার ও ভিডিপি)/সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৯। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি বাহিনীর ওয়েব সাইটে প্রচারের জন্য। |
| ২০। | অফিস ও মাস্টার কপি। | |

পরিচালক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৫.১০ ৯৮৭ তারিখ: ০৮/১০/১৪২৯ বঙ্গাব্দ। ২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ।

## "ডিজি'স এক্সামপ্ল্যারি গুড সার্ভিসেস ব্যাজ নীতিমালা- ২০২৩"

**ভূমিকাঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সর্ববৃহৎ জনসম্পৃক্ত ও শৃঙ্খলা বাহিনী। "শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তায় সর্বত্র আমরা" এই শ্লোগানকে সামনে রেখে দেশের জননিরাপত্তা, নারীর ক্ষমতায়ন, নিরক্ষরতা দূরীকরণ, দুর্যোগ মোকাবেলা, গুজব প্রতিরোধ, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমন, যৌন হয়রানি রোধ ইত্যাদি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ, জনশক্তিকে দক্ষ করে মানব সম্পদে রূপান্তরের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়ন এবং সরকারের নির্দেশে আইন শৃঙ্খলা রক্ষা ও আভিযানিক কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে ভূমিকা রেখে আসছে। সে প্রেক্ষিতে বাহিনীর কর্মকর্তা-কর্মচারী এবং সদস্য-সদস্যাকে অসীম সাহসিকতা, বীরত্বপূর্ণ কাজের পাশাপাশি বুদ্ধিমত্তা, একনিষ্ঠতা, সততা, দূরদর্শিতা, দেশের প্রতি মমত্ববোধ প্রভৃতি দৃষ্টান্তপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কৃত করার নিমিত্তে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনামঃ** এই নীতিমালা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর **"ডিজি'স এক্সামপ্ল্যারি গুড সার্ভিসেস ব্যাজ নীতিমালা-২০২৩"** যা সংক্ষেপে **"ডিজি'স ব্যাজ নীতিমালা-২০২৩"** নামে অভিহিত হবে।

৩। **প্রাপ্যতাঃ** **বাহিনীর কর্মকর্তা-কর্মচারী এবং সদস্য-সদস্যা।**

৪। **কর্মকান্ড ও ক্ষেত্রসমূহঃ** প্রশাসনিক, আভিযানিক ও প্রশিক্ষণ সংক্রান্ত উল্লেখযোগ্য ও কৃতিত্বপূর্ণ অবদান এবং কর্তৃপক্ষের দৃষ্টিতে প্রশংসনীয় বিবেচিত নিম্নবর্ণিত যে কোন অথবা সকল কাজের জন্য ব্যাজ প্রদান করা হবে।

(ক) পার্বত্য চট্টগ্রামে অপারেশন উত্তরণের আওতায় অপ্রচলিত যুদ্ধে (UCW) কৃতিত্বপূর্ণ অবদান রাখলে।

(খ) আইন-শৃঙ্খলা রক্ষা/অভ্যন্তরীণ নিরাপত্তা/কেপিআইসমূহে দায়িত্ব পালনে বিশেষ কৃতিত্বপূর্ণ ভূমিকা রাখলে।

(গ) ভূমিকম্প/ভবন ধ্বস/বন্যাসহ যে কোন জাতীয় দুর্যোগে উল্লেখযোগ্য ভূমিকা পালন করলে।

(ঘ) সন্ত্রাস দমন/নির্বাচন/পূজা/রাষ্ট্রীয় অন্যান্য মোতায়েন কার্যক্রমে কর্তব্য পালনে কৃতিত্বপূর্ণ অবদান রাখলে।

(ঙ) অপারেশনাল কর্তব্য পালনের মাধ্যমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে প্রশংসনীয় অবদান রাখলে।

(চ) সরকার কর্তৃক প্রদত্ত যে কোন কর্তব্য পালনে বিশেষ কৃতিত্ব অর্জন করলে।

(ছ) বাহিনীর উন্নয়নে নতুন কোন উদ্ভাবনী কর্মকান্ডে বিশেষ কৃতিত্ব প্রদর্শন করলে।

(জ) চিকিৎসা সেবায় উল্লেখযোগ্য অবদান রাখলে।

(ঝ) প্রশাসনিক কর্তব্য পালনে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে প্রশাসনিক অবদান রাখলে।

(ঞ) বাহিনী কর্তৃক পরিচালিত প্রশিক্ষণে বা বাহিনীর প্রতিনিধিত্ব করে দেশে বা দেশের বাইরের যে কোনো প্রশিক্ষণে কৃতিত্বপূর্ণ অবদান রাখলে।

(ট) বাহিনীর শৃঙ্খলা ও পেশাদারিত্বের মানোন্নয়নে এবং সদস্য-সদস্যাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন প্রশিক্ষণ ও কৌশল উদ্ভাবনে অবদান রাখলে।

(ঠ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে গ্রামের দরিদ্র জনগোষ্ঠিকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দান এবং নতুন কোনো প্রশিক্ষণ ট্রেড উদ্ভাবনে অবদান রাখলে।

(ড) সরকার কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন কর্তব্য পালনে বিশেষ কৃতিত্বপূর্ণ অবদান রাখলে।

(ঢ) প্রশিক্ষণ সংক্রান্ত কর্মকান্ডে কর্তব্য পালনে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে অবদান রাখলে।

(ণ) আনসার ভিডিপি ক্লাব/সমিতির উন্নয়নের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে অসামান্য ভূমিকা রাখলে।

(ত) বাহিনীর কোন সদস্য কর্তৃক আনসার ও ভিডিপি বাহিনীর সম্পদ/সম্পত্তি রক্ষার্থে/পুনরুদ্ধারে অসামান্য ভূমিকা রাখলে।

৫। **ব্যাজের বিবরণঃ** ব্যাজটি ২.৫০ মিঃমিঃ পুরু পিতলের পাত দ্বারা তৈরি তিনটি সমআকৃতির (৩৫ মিঃমিঃ × ৩৫ মিঃমিঃ × ৩৫ মিঃমিঃ) (মেরুন, নীল ও অলীভ গ্রীন) ভিন্ন বর্ণের স্ট্রাইপ দ্বারা পরিবেষ্টিত থাকবে। ত্রিভুজাকৃতির মাঝে খাকী জমিনের উপর বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর লোগো খচিত হবে এবং ত্রিভুজের নিচের বাহুর মাঝে ইংরেজিতে সোনালী রংয়ে DG's BADGE লেখা থাকবে।

৬। **ব্যাজের বিন্যাসঃ** ক্রোড়পত্র 'গ'- ০১ (এক) পাতা।

৭। **ব্যাজ পরিধানের স্থানঃ** ব্যাজটি বামপাশের পকেটের উপর পরিধান করতে হবে। একাধিকবার প্রাপ্তিতে একইভাবে পকেটের উপরে পরিধান করতে হবে।

৮। **ব্যাজের অর্থের উৎসঃ** ব্যাজের অর্থ ''মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল'' হতে প্রদান করা হবে। প্রত্যেক ব্যাজ প্রাপ্ত সদস্যকে এককালীন ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও একটি সনদপত্র প্রদান করা হবে।

৯। **ব্যাজের জন্য বিবেচ্য সময়কালঃ** প্রতি বছর ০১ নভেম্বর হতে পরবর্তী বছর ৩১ অক্টোবর তারিখ পর্যন্ত বিভিন্ন কর্মকান্ডের জন্য "ভিজি'স ব্যাজ" এর জন্য সাইটেশন যথাযথ সুপারিশ সহকারে ক্রোড়পত্র 'ক' এ বর্ণিত ছক অনুযায়ী হার্ড কপি ডাকযোগে এবং সফট কপি (Nikosh ফন্টে) টাইপ করতঃ সিডি/পেনড্রাইভে করে ১০ নভেম্বরের মধ্যে সদর দপ্তর প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত সাইটেশনের উপর কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে না। উল্লেখ্য, একই প্রশংসিত কাজের জন্য বাহিনীর পদক, সমাবেশ পুরস্কার, "ভিজি'স ব্যাজ" বা অন্য কোন প্রণোদনার যে কোন একটি প্রদান করা যাবে।

১০। **প্রস্তাব প্রেরণ পদ্ধতিঃ** ভিজি'স ব্যাজের জন্য প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর প্রশাসন শাখায় প্রেরণ করবেন। বিষয়োক্ত প্রস্তাব প্রদানের নিমিত্তে ইউনিট অধিনায়ক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পুঙ্খানুপুঙ্খ বিচার বিশ্লেষনপূর্বক প্রেরণ করবেন। একই কৃতিত্বপূর্ণ কাজের জন্য বাহিনীর প্রচলিত অপর কোন পদক/পুরস্কারের আবেদন করলে তা বিবরণসহ উল্লেখ করতে হবে। প্রাথমিক বাছাই কমিটি প্রাথমিকভাবে প্রস্তাবসমূহ মূল্যায়নপূর্বক চূড়ান্ত নির্বাচন পর্ষদের নিকট খসড়া প্রস্তাব পেশ করবেন। পদক প্রদানের জন্য প্রাপ্ত সাইটেশনগুলোর মধ্যে যে সকল সাইটেশন পদকের জন্য বিবেচিত হবে না ঐ সকল সাইটেশনগুলো ভিজি'স ব্যাজ প্রদানের লক্ষ্যে গঠিত পর্ষদ কর্তৃক বিবেচনায় আনা যাবে।

১১। **প্রাথমিক বাছাই কমিটিঃ**

| | | |
|---|---|---|
| পরিচালক (প্রশাসন) | - | সভাপতি |
| উপপরিচালক (অপারেশনস্) | - | সদস্য |
| সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | - | সদস্য-সচিব |

১২। **চূড়ান্ত নির্বাচন পর্ষদঃ** এই ব্যাজের প্রস্তাবসমূহ বিবেচনা এবং ব্যক্তি নির্বাচনের জন্য সদর দপ্তরে একটি পর্ষদ থাকবে। পর্ষদের গঠন হবে নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| অতিরিক্ত মহাপরিচালক (সদর দপ্তর) | - | সভাপতি |
| উপমহাপরিচালক (সদর দপ্তর সকল) | - | সদস্য |
| কো-অপ্ট সদস্য | - | সভাপতি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবেন। |
| উপপরিচালক (ওয়েলফেয়ার) | - | সদস্য-সচিব |

১৩। **পর্ষদ/কমিটির সম্মানীঃ** প্রতি সভায় কমিটির সম্মানিত সদস্যগণ জনপ্রতি ২,০০০/- টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন এবং সভায় সম্পৃক্ত কর্মচারী জনপ্রতি ১,০০০/- টাকা হারে (চার জনের মোট-৪,০০০/-) সম্মানী প্রাপ্য হবেন। উক্ত অর্থ ''মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল'' হতে সংকুলান করা হবে।

১৪। **মাসিক প্রতিরোধ পত্রিকায় প্রকাশঃ** ভিজি'স ব্যাজ প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণের নাম বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক পরিচালিত মাসিক প্রতিরোধ পত্রিকায় প্রকাশ করা হবে।

১৫। **ব্যাজের বিতরণঃ** জাতীয় সমাবেশ উপলক্ষ্যে আয়োজিত মহাপরিচালক মহোদয়ের বার্ষিক দরবারে প্রদান করা হবে।

এই নীতিমালা প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন করা যাবে।

সংযুক্ত: ১। ভিজি'স ব্যাজের চেকলিস্ট- ০১ (এক) পাতা।
২। ভিজি'স ব্যাজ প্রস্তাব প্রেরণের ছক ক্রোড়পত্র ক ও খ- ০২ (দুই) পাতা।
৩। ব্যাজের বিন্যাস (ক্রোড়পত্র-গ) - ০১ (এক) পাতা।

22/2/23

মুহাম্মদ মেহেদী হাসান বিএএম, পিএএমএস
বিএডি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
টেলিফোন: ৪৭২১৪৯২৫



CamScanner

# ডিজি'স ব্যাজের চেক লিস্ট

১। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ১০ নভেম্বর এর মধ্যে ডিজি'স ব্যাজের প্রস্তাব সদর দপ্তর প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।

২। আবেদনে অবশ্যই জাতীয় পরিচয়পত্র ও চাকুরীর নিয়োগ আদেশ অনুযায়ী নামের বানান সঠিকভাবে প্রেরণ করতে হবে। চাকুরীতে যোগদানের তারিখ, চাকুরীর মেয়াদ ও কর্মস্থলের ঠিকানা নির্ভুলভাবে প্রেরণ করতে হবে।

৩। ডিজি'স ব্যাজের সাইটেশন সর্বোচ্চ ৬০০ (ওয়ার্ড) শব্দের মধ্যে লিখতে হবে।

৪। ডিজি'স ব্যাজ সাইটেশনের হার্ডকপি ও সফ্‌টকপি (Nikosh ফন্টে টাইপকৃত) পেনড্রাইভ/সিডি আকারে সদর দপ্তর প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।

৫। ইতঃপূর্বে কোন পদক/পুরস্কার পেয়ে থাকলে তার বিবরণ প্রেরণ করতে হবে।

৬। একই কাজের জন্য একাধিকবার প্রস্তাব প্রেরণ করা যাবে না।

৭। ডিজি'স ব্যাজের জন্য প্রস্তাবিত ব্যক্তিকে উক্ত কাজ করার পূর্ব থেকে আনসার ভিডিপির সদস্য হতে হবে।

৮। "ডিজি'স ব্যাজ" প্রস্তাবের সাথে আবেদনকারীর সদ্যতোলা ০২ কপি স্ট্যাম্প ও ০২ কপি পাসপোর্ট সাইজ সর্বমোট ০৪ কপি রঙিন ছবি (প্রযোজ্য ক্ষেত্রে সর্বশেষ প্রাধিকৃত পোশাক পরিহিত ছবি), জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি ও মোবাইল নম্বর প্রেরণ করতে হবে। অস্পষ্ট, পুরনো ছবি কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

৯। আবেদনকারী মৃত হলে উত্তরাধিকারী/প্রতিনিধির বর্তমান ও স্থায়ী ঠিকানাসহ উত্তরাধিকারী/প্রতিনিধির সদ্যতোলা ০২ কপি স্ট্যাম্প ও ০২ কপি পাসপোর্ট সাইজ সর্বমোট ০৪ কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি ও মোবাইল নম্বর প্রেরণ করতে হবে।

22/9/23

মুহাম্মদ মেহেদী হাসান, বিএএম, পিএএমএস
বিএভি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
টেলিফোন: ১২০০৮৫

F:\Debashish Ministry\DG's Badge\ডিজি'স ব্যাজ নীতিমালা -2022.docx

CS CamScanner

ক্রোড়পত্র-ক

## ডিজি'স ব্যাজ প্রস্তাব প্রেরণের ছক (ইউনিট কর্তৃক পূরণকৃত)

| ক্রঃ/নং | দপ্তর/কার্যালয় | পদবী, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও মোবাইল নম্বর | কাজের বিবরণ | তথ্য প্রমাণ/প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

প্রস্তাবকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

সুপারিশকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

***সম্ভাব্য তথ্য প্রমাণ/প্রাধিকার প্রমাণপত্র সমূহঃ**

ক। পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।
খ। ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র/ভিডিও/অন্যান্য দলিল (যদি থাকে)।
গ। রেফারেন্স, বিবরণ ইত্যাদি।
ঘ। উপযুক্ত কর্তৃপক্ষের/ব্যক্তির সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ। এছাড়াও অন্যান্য প্রমাণপত্র (যদি থাকে)।

২২/২/২৩

মুহাম্মদ মেহেদী হাসান বিএএম, পিএএমএস
বিএভি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
টেলিফোন: ৪৭২১৪৯২৫



CamScanner

ক্রোড়পত্র-খ

## ডিজি'স ব্যাজ পুরস্কারের জন্য প্রাথমিক/প্রস্তাব প্রণয়ন কমিটি কর্তৃক উপস্থাপিত নামীয় তালিকা

| ক্র/নং | দপ্তর/কার্যালয় | পদবী, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও মোবাইল নম্বর | কাজের বিবরণ | *তথ্য প্রমাণ/প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

সদস্য-সচিব

সদস্য

আহবায়ক

২২/৮/২৩

মুহাম্মদ মেহেদী হাসান বিএএম, পিএসসিএস
বিএডি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
টেলিফোন: ৪৭২১৪৯২৫



CamScanner

"ক্রোড়পত্র-গ"

